


পেনড্রাইভের ভাইরাস দূর করণ কমান্ড প্রম্পটের মাধ্যমে

টিউন করেছেন : Faisal | প্রকাশিত হয়েছে : ২১ জুলাই, ২০১১ | 3 বার দেখা হয়েছে | 

পেনড্রাইভে ভাইরাস বা ওয়ার্ম থাকলেও অনেক সময় তা শনাক্ত করা যায় না। তবে আপনি চাইলে সহজেই পেনড্রাইভের ভাইরাস শনাক্ত

করতে পারেন। এ জন্য আপনার ইউএসবি পোর্টে পেনড্রাইভটি লাগানোর পর Start>Run- এ গিয়ে cmd লিখে কমান্ড অপশন

খুলুন। এখন My computer -এ ঢুকে আপনার পেনড্রাইভ কোন ড্রাইভ হিসেবে আছে, তা জেনে নিন। যেমন, ড্রাইভ লেটার যদি K হয়, তাহলে কমান্ড অপশনে K: লিখে এন্টার কী চাপুন। এরপর dir/w/o/p এই কমান্ডটি হুবহু লিখে এন্টার কী চাপুন। এখন আপনি পেনড্রাইভে থাকা ফাইলের তালিকা দেখতে পারেন।

ফাইলের তালিকায় Bha.vbs, Iexplore.vbs, RVHost.exe, Ravmon.exe, New Folder.exe, Autorun.inf ইত্যাদি নামের কোনো ফাইলে অথবা ".exe" এক্সটেনশনের কোনো ফাইল আছে কিনা দেখুন। যদি এ রকম কোনো ফাইলে দেখতে পান তাহলে "attrib -h -r -s -a *.*" এই কমান্ড লিখে এন্টার কী চাপুন। এখন del file name কমান্ড লিখে এন্টার কী চাপুন। এখানে file name - এর জায়গায় ওই ফাইলের নাম হুবহু লিখতে হবে। যেমন, আপনি যদি Autorun.inf ভাইরাসটি মুছে ফেলতে চান, তাহলে del Autorun.inf লিখে এন্টার কী চাপুন। এভাবে আপনি পেনড্রাইভের সন্দেহজনক ফাইলগুলো মুছে ফেলতে পারেন। এ ছাড়া সম্ভব হলে সর্বোচ্চ নিরাপদে থাকার জন্য নিয়মিত হালনাগাদ অ্যান্টিভাইরাস দিয়ে পেনড্রাইভ স্ক্যান করতে পারেন।